# উপজেলা পরিষদের জুন/ ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:

সভা নং- ৩৬

সভাপতি : আফতাব উদ্দিন ভূঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।

সভার স্থান : উপজেলা কনফারেন্স হল।

তারিখ : ২২ জুন ২০২২ খ্রিস্টাব্দ, সময়: সকাল- ১১.৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট- "ক"

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি অফিসার সভাকে জানান, ইতোমধ্যে আউশ ধানের আবাদ শেষ হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় মাঠে দন্ডায়মান ফসলের অবস্থা অবস্থা ভালো। অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানিতে সদর উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত ৯.৫ মে:টন,৭৬৪৫ হেক্টর উদশী জাতে ৬.৪৫ মে:টন গড় দশনে ৪৯৩০০.২৫ মে:টন এবং ৭৫ হেক্টর স্থানিয় জাতে ২.৮৮ মে:টন/হেক্টর গড় ফলনে ২১৬ মে.টন উৎপাদন হয়েছে। অর্থাৎ ৮৩৭০ হেক্টর জমিতে ৫৪২২.৭৫ মে:টন ধান উৎপাদন হয়েছে। খরিপ-১ মৌসুমের আইশি ধা র আবাদ শুরু হয়েছে। এছাড়া মাঠে গ্রীস্পকালীন শাক,সবজির অবস্থাও ভালো। প্রকল্প ভিত্তিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। | সকল কাজ সঠিকভাবে বাস্তবায়নের জন্য মনিটরিং বৃদ্ধি করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ :<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপির ২০২১-২০২২ অর্থ বছরের গৃহীত উন্নয়নমূলক কাজ শতভাগ বাস্তবায়িত হয়েছে। অন্যান্য সকল উন্নয়ন মূলক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে।<br><br>(ক) চাহিদা ভিত্তিক ভেলানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ করণে ৫,০০,০০০/- টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে বিধি মোতাবেক বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) উপজেলা পরিষদের সরকারী দপ্তরে সমূহের সংযোগ সড়ক মেরামত ও সংস্কার টা: ২,০০,০০০/- টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | (ক) ক প্রকল্পের ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল এবং খ প্রকল্পের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, চাষির পুকুর পরিদর্শন প্রদান: ৩০(ত্রিশ) জন মৎস্য চাষীর পুকুর পরিদর্শন ও মাছ চাষ এবং মাছের রোগ নিয়ন্ত্রণ বিষয়ক পরিমর্শ প্রদান করা হয়েছে। (২) মাছ চাষ এবং মাছের রোগ নিয়ন্ত্রণ বিষয়ক ২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৩) জটিকা সংরক্ষণ অভিযান ও মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন : মেঘনা নদী (নরসিংদী সদর অংশ), মৎস্য আড়ৎ, মাছ ঘাট,হাট-বাজার প্রভৃতি স্থানে মোট ০৯টিঅভিযান পরিচালনা করে ২০ কেজি জটিকা জব্দ ও এতিম খানায়,, ২০ হাজার মিটার কারেন্ট জাল জব্দ ও আগুনে পুড়িয়ে বিনষ্ট করন বিনষ্টকরণ করা হয়েছে।<br>(৪) মৎস্য চাষ সম্প্রসারনের জন্য ০২টি প্রদর্শনী মৎস্য খামার স্থাপন করা হয়েছে। | কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | (৫) মৎস্য খাদ্য খামার যান্ত্রিকরণের : মোট ০১ জন মৎস্য সম্প্রসংক্রান্ত০১টি লাইসেন্স দেয়া হয়েছে।<br>(৬) জাটকা সংরক্ষণ ও মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়নে সচেতনতা মূলক ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। | | |
| ০৪. | মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নরসিংদী সদর জানান ৭/৬/২০২২ খ্রি. মাধকদ্রব্য অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। ১৩/০৬/২২ তারিখ নরসিংদী সদর উপজেলার ভাটপাড়া নগেন্দ্র চন্দ্র গুপ্ত উচ্চ বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠিত হয় এবং সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা হয়।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে। | উপজেলা মাধ্য: শিক্ষা অফিসার |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, নরসিংদী সদর এর কার্যপত্র মোতাবেক ৬টি উপস্বাস্থ্য কেন্দ্র হতে ১২৮৯৯ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩৪টি কমিউনিটি ক্লিনিক থেকে ২৪৯৫৪ জনকে চিকিৎসা সেবা প্রদান, সিসিতে ১২০৩ জন গর্ভবতী মহিলার চিকিৎসা সেবা প্রদান, এএনসি প্রাপ্ত ৮৯৭ মহিলার চিকিৎসা সেবা প্রদান, পিএনসি প্রাপ্ত ৩০৬ জন মহিলার চিকিৎসা সেবা প্রদান . ইপিআই সংক্রান্ত ১০টি রোগের প্রতিরোধযোগ্য টিকা প্রদান ৯৭% এবং ডায়রিয়া রোগীর চিকিৎসা প্রদান ৪১৮জন. | কাজের ধারা এবং চিকিৎসা সেবার মান বজায় রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার, নরসিংদী সদর জানান যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর ইউনিয়ন পর্যায়ের খেলা সফলভাবে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ের ফাইনাল খেলা জুলাই মাসের ২৭ তারিখ অনুষ্ঠিত হবে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে. | কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৭. | উপজেলা সমবায় কার্যালয় :<br>উপজেলা সমবায় অফিসার, নরসিংদী সদর এর কার্যপত্র মোতাবেক দেখা যায়, জুন/২০২২ মাসে ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দকৃত অডিটযোগ্য সমিতির সংখ্যা কেন্দ্রীয় বিভাগীয় সমবায় সমিতি ০৫টি ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ২টি এবং প্রাথমিক সমবায় সমিতি ২৩৩টি। মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সমবায় সমিটি সমূহের অডিট সম্পাদন করা হয়েছে।<br>২. অডিট সেস ধার্য ও আদায় অগ্রগতিঃ সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ০২ ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা মোতাবেক সমবায় সমিতি অডিট সম্পাদনের পর ২০১৮-২০১৯ খ্রি. সনের নীট লাভের উপর ৩% উন্নয়ন তহবিল ও ১০% অডিট সেস (রাজস্ব) আদায় করতঃ সরকারী কোষাগারে জমা প্রদান করা হচ্ছে।<br>৩. লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান ও বাংলাদেশ সমবায় একাডেমী,কোটবাড়ি কুমিল্লা ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, নরসিংদীকেও প্রশিক্ষণ প্রেরণ অব্যাহত আছে।<br>৪. সমবায় সমিতি আইন ০১ (সংশোধিত আইন/০২ ও ১৩) ও সমবায় সমিতির বিধিমালা ২০০৪ মোতাবেক আবেদনের ভিত্তিতে যাচাই বাছাই পূর্বক নিবন্ধন দেয়া হচ্ছে এবং সকল সমবায় সমিতি পরিদর্শন, পরিবীক্ষণ ও মনিটরিং কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে।<br>৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) মোতাবেক অত্র বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে। | সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে | উপজেলা সমবায় অফিসার |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>পরিবার পরিকল্পনা কার্যক্রমঃ সক্ষম দম্পতি ১২৬৮৩২, আইইউডি-৭৭,. স্বাভাবিক প্রসব সেবা-১৯৬, গর্ভবতির সংখ্যা ৩৯৯৮ জন, ইমপ্ল্যান্ট-৬৬ সিজারিয়ান প্রসব সেবা- ৬২, মোট গ্রহনকারী ৯৮০৬৩, স্থায়ী পদ্ধতি ১৬২ শিশু পরিচর্যা ৮৪৫২, খাবার বড়ি- ২৬০৮, স্থায়ী পদ্ধতি (পুরুষ) -৬৯, সাধারন রোগী (মহিলা) ৫৭৭৩, কনডম ২৭৩, এএনসি- ২৮৫০ সাধারণ রোগী ৬৬২, ইনজেকশন ১৪৬৮, পিএনসি ১৪৬৯, স্যাটেলাইট কার্যক্রম ৩২/২৯, স্কুল স্বাস্থ্য শিক্ষা -০০। উপজেলা প:প: কর্মকর্তা কর্তৃক কার্যপত্র মোতবেক জানা যায়, (ক) প্রসব সেবা : বর্তমানে ১১টি ইউনিয়ন স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কেন্দ্রের মধ্যে ০৩টিতে ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা দেয়া হচ্ছে। এপ্রিল/২২ কাঠালিয়া ইউ:পরি:পরি:কেন্দ্রে :২৫.মেহেরপাড়াতে ১৩.শীলমান্দীতে ০৬.মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা - ১০০, সিজারিয়ান প্রসব সেবা -২৪ সম্পন্ন হয়েছে। (খ) স্যাটেলাইট উঠান বৈঠক : নরসিংদী সদর উপজেলার পরিদর্শিকাগণ মাসে ২৯টি করে স্যাটেলাইট কার্যক্রমের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছেন। | শিশুমৃত্যুর হার কমাতে হবে এবং কার্যক্রম তদারিক করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

(গ) কোভিড-১৯ : কোভিড-১৯ এর মাধ্যমে মাঠ পর্যায়ের প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রসহ প্রতিটি বাড়িতে বাড়িতে সকল সেবা প্রদানকর্মী প্রতিনিয়ন তাদের সবা প্রদান করে যাচ্ছেন।

(ঘ) কোভিড-১৯ এর পরিস্থিতির কারনে পরিবার পরিকল্পনা বিভাগের স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম বর্তমানে বন্ধ আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।

১২ পল্লী সঞ্চয় ব্যাংক, নরসিংদী সদর শাখা, নরসিংদী:

শাখা ব্যবস্থাপক কর্তৃক দাখিলকৃত কার্যপত্র মোতাবেক জুন/২০২২ মাসে অগ্রগতির বিবরণ নিম্নরুপ :

| নং | বিবরণ | সংখ্যা/টি/ জন | টাকা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১. | মোট সমিতির সংখ্যা | ৩৯৩টি | - |
| ২. | প্রকল্পের আওতায় মোট পরিবারের সংখ্যা | ১৬৮০৩ | - |
| ৩. | সদস্যদের ব্যাক্তিগত মোট সঞ্চয় জমা | - | ৭৩৯.২৯ |
| ৪. | সদস্যদের সঞ্চয়ের বিপরীতে সরকারী বোনাস প্রাপ্তি | - | ৫১১.৩৪ |
| ৫. | সরকারী ঘূর্ণায়মান ঋন তহবিল প্রাপ্তি | - | ১০০৩.৭৩ |
| ৬. | সম্পদের ঋণ আদায় | - | ৩.৯৮ |
| ৭. | উপজেলার মোট তহবিল | - | ২২১৫.৮৫ |
| ৮. | মোট ঋণ/ প্রকল্প গ্রহনের সংখ্যা | ২৪৪৯০টি | - |
| ৯. | বিভিন্ন প্রকল্প মোট ঋণ বিতরণ | - | ৬০৭১.০৯ |
| ১০. | মোট ক্রমপুঞ্জিত ঋণ আদায় | - | ৩৯৪০.৩৫ |
| ১১. | পল্লী লেনদেন ম্যানেজার নিয়োগ | ২৫০ টি | ৪০.৬৭ |
| | মোট ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের শতকরা হার | - | ৮০% |

কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে। — শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নরসিংদী সদর শাখা, নরসিংদী।

১৩ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী এর কার্যপত্র মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক গৃহীত/বাস্তবায়নাধীন/ বাস্তবায়িত (১ম পর্যায়) প্রকল্প সমূহের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ :

| ক্র: | কর্মসূচি/প্রকল্পের নাম ও বিবরণ | বরাদ্দের পরিমান (টাকা/মে:টন) | বরাদ্দকৃত চাল (মে:টন) | বরাদ্দকৃত গম (মে:টন) | গৃহীত প্রকল্প | হার |
|---|---|---|---|---|---|---|
| ১ | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ১ম পর্যায় | ৳১.২০৭২.৪৫৬ | ৩৭৫.৪৪৯ | ৩১৫.৪৪৯ | ১০০টি | ১০০% |
| ২ | গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ১ম পর্যায় | ৳১,৩৪,৭১,০৩২/৪৮ | - | - | ১৯৩ | ১০০% |
| ৩ | অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ | ৳১,৫৩,১৭,২৪৫/২০ | - | - | ১২টি | ৮০% |
| ৪ | ভুমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ে দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ | ৳২৪.০০.০০০/- | | | ১০টি | ১০০% |
| ৫ | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ২য় পর্যায় | ৳৪৫.২৬.৪৭৬/- | ৭২.৭২৯৫ | | ৪১টি | ১০০% |
| ৬ | গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ২য় পর্যায় | ৳৭১.২১.৫০২/- | - | - | - | ১০০% |
| ৮ | গ্রামীণ রাস্তায় এইচবিবি করন | ৳৯০.৮৯.৩১৫/- | - | - | - | ৮০% |
| ৯ | ব্রীজ/কালভার্ট | ৳৪.৬৩.৬৫.৬৯৬/- | - | - | ৬টি | চলমান |
| ১০ | গ্রামীণ রাস্তায় এইচবিবি করন | ৳৮৬.৫৬.০০০/- | - | - | ১টি | ৫০% |
| ১১ | মুক্তিযোদ্ধা আবাসন প্রকল্প | ৳৯.৬২.০০.০০০/- | | - | ৭৪টি | ২০% |
| ১২ | গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ৪র্থ পর্যায় | ৳২.৭৮.০০০/- | | - | ০৪টি | ১০০% |

প্রকল্পের তদারিক জোরদার করতে হবে। — উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

১১ উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নরসিংদী সদর , নরসিদী এর জুন/২০২২ মাসের তথ্যাদি নিম্নরূপ :

| প্রকল্প | মোট ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ (লক্ষ) | মোট ক্রমপুঞ্জিত আদায় (লক্ষ) | আদায়ের হার |
|---|---|---|---|
| মূল প্রকল্প | ৫৯২.৬৬ | ৫০১.৪৬ | ৫৩ % |
| সমাবিক | ১৯৫২.১০ | ১৮০৩.৫৫ | ৮৫% |
| পল্লী প্রগতি প্রকল্প | ১৪৩.৪৯ | ১১৭.৬৩ | ৮৪% |
| ক্ষুদ্র উদোক্তা ঋণ | ৩৭.৫০ | ৪৭২.৬২ | ৯৩% |
| মুক্তিযোদ্ধা | ৪৭.৬৮ | ১.৯৮ | ৯২% |
| মোট= | ২৭৭৩.৪৩ | ২৪৬৬.৪৫ | ৯১% |

বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে। — উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

১২ উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ঃ

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নরসিংদী সদর, নরিসংদী জুন/২২ মাসের বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। (১) আর,এস.এস, প্রাপ্ত বরাদ্দ= ৪২১২৮১৭, বিনিয়োগ = ৪২১১৫০০/-, ২। ক্ষুদ্রঋণ প্রাপ্ত বরাদ্দ= ১০০৫০০০০/-, বিনিয়োগ= ১০০৫০০০০/-, (৩) এসিড = ১৭৩৫০৬২/-, বিনিয়োগ= ১৭৩৩৮০০/-

(৪) মাতৃ কেন্দ্র বরাদ্দ= ১৬২২৫০০/- বিনিয়োগ = ১৬২২৫০০/- সর্বমোট বরাদ্দ ১৭৬২০৩৭৯ এবং বিনিয়োগ = ১৭৬১৭৮০০/-

২। ক্রমপুঞ্জিত পুন: বিনিয়োগ আর.এস+ ক্ষুদ্রঋণ = ৫৬৬৭২৫০০/-টাকা

৩। ১০% সার্ভিস চার্জসহ আদায় = ৬০০১৩৮০০/- (৪) ১০% সার্ভিস চার্জসহ বিনিয়োগ আদায়- ১৩৮৭৩৩১০/-, সর্বমোট সার্ভিস চার্জ আদায়= ৮৯০২৫৫০/-

(২) (১) এসিড দগ্ধ বিনিয়োগকৃত টাকা=১৭৩৩৮০০/- (২) ৫% সার্ভিস চার্জসহ আদায়= ১৬১০৫৪৯/- টাকা (৩) পুন:বিনিয়োগকৃত= ৮১৮০০০০/- (৪) ৫% সার্ভিস চার্জসহ আদায়= ৮০৪৬৮২২/- মোট ১৯.৫৮,১১৭১/-

(০৩) মাতৃকেন্দ্র বিনিয়োগ : ১৬২২৫০০/- ১০% সার্ভিস চার্জসহ আদায় ১৫,০৩৯৭৫/-পুন: বিনিয়োগ ১০৬০০০০ ১০% সার্ভিস চার্জসহ আদায় ২৮৯৩০০/- মোট ৪৪৭৫৭৭৫/-

(৪) (১) আর এস, এস + ক্ষুদ্রঋণ বর্তমান মাসে আদায় =১০৯৯২৩০/- (২) বর্তমান মাসে এসিড দগ্ধ আদায় = ৩৮১৪৫/-(৪) বর্তমান মাসে পুন: বিনিয়োগকৃত = ৯৮৫০০০/- নরসিংদী সদর উপজেলায় সর্বমোট ১৪টি ইউনিয়ন, ০২টি পৌরসভা। কার্যক্রম পরিচালিত হয় ৯৭টি গ্রামে।

০৬। বয়স্ক ভাতা = ১৫৯৪৬ জন,বিধবা ভাতা-৩৬৫৩ জন।

০৭। প্রতিবন্ধীতা ভাতা = ৫৮৯৭ জন, ০৮। প্রতিবন্ধীতা ভাতা ৬৫৫৮+৯৩৬= ৫২৫২ জন।

০৯। প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি: (ক) প্রাথমিক = ১৫৬ জন, (খ) মাধ্যমিক = ৪৪ জন, (গ) উচ্চ মাধ্যমিক =০৩ জন

১০। দলিত পরিবার শিক্ষা উপবৃত্তি= মোট ৬২ জন, হিজরা ভাতা ১০জন, বেসরকারী এতিমখানা-১২টি, ক্যাপিটেশন প্রাপ্ত নিবাসী ৪০২ জন. বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থ ৭২টি. মুক্তিযোদ্ধা সম্মানীভাতা ভোগীর সংখ্যা =৮৩১ জন। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান আছে।

কাজের ধারা অব্যাহত রাখতে হবে — উপজেলা সমাজসেবা অফিসার

১৩ খাদ্য বিভাগ:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী সদর জানান, খাদ্য বিভাগের সকল কার্যক্রম সঠিকভাবে চলমান আছে, এছাড়া তাদের মজুদও সন্তোষজনক। খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রনয়নে কার্যক্রম চলমান আছে। প্রত্যেক উপকার ভোগীকে এনআইডি কার্ড, স্বামী/স্ত্রীর এনআইডি কার্ড, নিজ মোবাইল/নিকটাত্মীয়ের মোবাইল ও খাদ্য বান্ধব কার্ড নিয়ে ইউনিয়ন পর্যায়ে ইউডিসি উদোক্তার কাছে যাবেন। ইউডিসি উদোক্তা প্রত্যেক উপকার ভোগীদের তথ্য এবং ছবিহালনাগাদ করবেন। এর মধ্যে কোন উপকারভোগী মারা গেলে বা অন্যত্র চলে গেলে তদস্থলে নতুন নাম অন্তর্ভুক্ত করে ডাটাবেজ হালনাগাদ করার কাজে সহযোগীতার জন্য সংশ্লিষ্ট সকল চেয়ারম্যানদের অনুরোধ জানান। খাদ্য বান্ধব কর্মসূচীতে ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধি ও সচিবসহ সকলের প্রশাসনিক সহযোগীতা কামনা করেন।

এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে — উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

| | | | |
|---|---|---|---|
| ১৪ | যুব উন্নয়ন :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান জুন/২০২২ মাসে মোট ঋণ তহবিল ২৩,১৮,৮০০/- টাকা। মোট বিতরণকৃত টাকা- ৩,৭৫,৬৮,০০০/- টাকা। আদায়কৃত টাকা ৩,২২,৯০,৯৭০/- আদায়ের হার ৯৭.০৮%। ২০২১-২০২২ অর্থ বছরে বিতরণ ৩২,৭০,০০০/- টাকা মোট আদায় ২৪,৪৩,৮৮০/- টাকা। প্রশিক্ষণ : (ক) প্রাতিষ্ঠানিক ৯২৫জন অপ্রাতিষ্ঠানিক ৬১২০১ জন। পুরস্কার- জাতীয় পর্যায়ে আত্মকর্মী ৩জন এবং সংগঠক ০১ জন। সার্বিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান বিভাগঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী জানান জন শুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মুল কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। এম এস ভি এস বি প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে।<br>তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর, নরসিংদী জানান জুন/২০২২ মাসে তার কার্যক্রম নিম্নরুপ:<br>১। চাহিদা ভিত্তিক (GPS) প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ৮ টি বরাদ্দ পাওয়া গেছে মাঠ পর্যায় কাজ চলমান রয়েছে ।<br>২। ২০২০-২০২১ অর্থ বছের PEDP-4 প্রকল্পের আওতায় নরসিংদী সদর উপজেলায় ৮৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (Wash Basin) নির্মাণের কাজ ১০০% হয়েগেছে।<br>৩। ২০১৯-২০২০ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" শীর্ষক প্রকল্পের ৩৬৪ টি নলকূপের / সাবমার্সিবল পাম্পের বর্তমানে মাঠ প্যায়ে কাজ চলমান রয়েছে ইতমধ্যে ৯০% হয়ে গেছে ।<br>৪। ২০২০-২০২১ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" শীর্ষক প্রকল্পের ৩৬৪ টি নলকূপের / সাবমার্সিবল পাম্পের কাজ মাঠ পর্যায় ৮৫% সম্পন্ন হয়েছে ।<br>৫। ২০২১-২০২২ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" শীর্ষক প্রকল্পের ৩৬৪ টি নলকূপের / সাবমার্সিবল পাম্পের বরাদ্দ পাওয়া গেছে । ইউনিয়ন ওয়াটসান কমিটির এবং উপজেলা ওয়াটসান কমিটির সমন্বয়ের মাধ্যমে রেজুলেশন পাশ করে , চুড়ান্ত তালিকা যাচাই -বাছাইয়ের কাজ শেষ হয়েছে মাঠ পর্যায় কাজ শুরু হবে ।<br>৬। চাহিদা ভিত্তিক (GPS/NNGPS) সদর উপজেলায় ১৩ টি স্কুলে (Attached R.C.C Wash Block) এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে । উক্ত কাজগুলো বিদ্যালয় কর্তৃ পক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে বর্তমানে বিদ্যালয়ে ব্যবহার করছে ।<br>৭। চাহিদা ভিত্তিক (GPS/NNGPS এবংPEDP-4) ১ম পর্যায় সদর উপজেলায় ১০ টি স্কুলে (Wash Basin ) এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে । উক্ত কাজগুলো বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে বর্তমানে বিদ্যালয়ে ব্যবহার করছে ।<br>৮। বাংলাদেশের ২৩টি পৌরসভার প্রকল্পের অধীনে মাধবদী পৌরসভায় ১১০টি ওয়াটার পয়েন্টের এর কাজের মধ্যে ১১০ টি ওয়াটার পয়েন্টের কাজ শেষ হয়েছে এবং ৪টি উৎপাদন নলকূপের কাজের মধ্যে ৪টির কাজই শেষ হয়েছে ৮টি টেস্ট টিউবওয়েল কাজের এর মধ্যে ৮ টির কাজ শেষ হয়েছে । ৫টি পাম্প হাউজের মধ্যে ৫ টির কাজ চলমান রয়েছে পাম্প হাউজের কাজ প্রায় ১০০% শেষ হয়েছে । সার্বিক কাজের অগ্রগতি ১০০% ।<br>৯। Construction of Laboratory Building ( Two story with four store Foundation ) DPHE Narsingdi ,District . Under the project Water Quality Testing Management Strengthing . During The FY-2019-2020 . (Wrok Progress 95 %).With Boundary Wall.<br>১০ ২০২০-২০২১ অর্থ বছের PEDP-4 প্রকল্পের আওতায় নরসিংদী সদর উপজেলায় ৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (Attach Wash Block ) নির্মাণ কাজ চলমান রয়েছে মাঠ পর্যায় ৭০% হয়েগেছে। | কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী |

১৭ পল্লী দারিদ্র্য বিমোচন অফিস :

উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, পিডিবিএফ, নরসিংদী সদর, নরসিংদী জানান তার ২০২১-২০২২ অর্থবছরের অগ্রগতিরপ্রতিবেদন নিম্নরূপ :

| ক্র:নং | অগ্রগতির খাত সমূহ | লক্ষ্য মাত্রা | অর্জন | হার |
|---|---|---|---|---|
| ০১ | সদস্য ভর্তি | ৬০০ | ৫৫০ | ৯২% |
| ০২ | মহিলাদের গ্রাম ভিত্তিক উন্নয়ন প্রশিক্ষণ | ৫০০ | ৪৭৫ | ৯৫% |
| ০৩ | ঋণ বিতরণ | ৭৫০.০০ | ৭৩০.০০ | ৯৭% |
| ০৪ | সঞ্চয় আদায় | ৬০.০০ | ৫৯.০০ | ৯৮% |
| ০৫ | ঋণ আদায় | ৬১০.০০ | ৫৯০.০০ | ৯৭% |
| ০৬ | প্রনোদনা ঋণ বিতরণ | ৮২.৫০ | ৮২.৫০ | ১০০% |
| ০৭ | প্রনোদনা ঋণ আদায় | ২২.৫০ | ২২.৫০ | ১০০% |

এছাড়া বিভাগীয় কার্যক্রমচলমান রয়েছে।

কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে।

উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, পিডিবিএফ, নরসিংদী সদর

১৮ মহিলা বিষয়ক:

প্রোগ্রাম অফিসার সভায় জানান জুন/২০২২ মাসে ১। ভিজিডি কার্যক্রমে উপকার ভোগীর সংখ্যা ১৭১০ জন। মোট বরাদ্দপ্রাপ্ত খাদ্যশষ্য ৩.০৭,৮০০মে.টন। ২০২১-২২ ভিজিডি চক্রের মে/ ২০২২ মাসে ৫১.৩০০ মেট্রিক টন খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে। বর্তমানে ১০২.৬ মেট্রিক টন খাদ্য শষ্য মজুদ রয়েছে। (২) দরিদ্র মা র মাতৃত্বকাল ভাতা কার্যক্রমে ১৬৮০জনকে মাসিক ৮০০/-টাকা হারে ভাতা বিতরণ করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরে মোট ৪৯০ জন ভাতা ভোগী এবং ২০১৯-২০ অর্থ বছরে ভাতা ভোগীর সংখ্যা ১১৯০জন সর্বমোট ১৬৮০ জন উপকার ভোগীকে ই এফ টির মাধ্যমে তাদের ভাতা প্রদান করা হচ্ছে। (৩) মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমে উপকার ভোগীর সংখ্যা ৪৩৯ জন মূলধন প্রাপ্তি ১৫,৪২,০৬৬.৫৮ টাকা (মূলধন প্রাপ্তি) ঘূর্ণায়মান ঋণ হিসেবে বিতরণ ৯৮.২৫.০০০/- টাকা (চলমান কার্যক্রম) ২০১৯-২০অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা হতে ৬১,০০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। ২০২০-২১ অর্থ বছরে মহিলা বিসয়ক অধিদপ্তর, ঢাকা হতে ৭৭,৫০০ টাকার চেক পাওয়া গিয়েছে। (৪) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে সচেতনতা বিষয়ক সভা ০৪টি। স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে উঠান বৈঠক ও বিভিন্ন সভার মাধ্যমে যৌতুক, বাল্য বিবাহ, যৌনহয়রানী, নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত বিষয়ে সচেতন করা হয় ০৫টি উঠান বৈঠক। (৫) বাল্যবিবাহ প্রতিরোধ : ০১টি নরসিংদী সদর উপজেলার পূর্বদত্তপাড়া এলাকায় একটি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে। (৬) স্বেচ্ছাসেবী মহিল প্রতিষ্ঠান সংক্রান্ত রেজিষ্টিকৃত সমিতির সংখ্যা ৬৪টি, সদস্য সংখ্যা-২৬০০জন। (৭) কিশোর কিশোরী ক্লাব স্থাপনে উপকার ভোগীর সংখ্যা ৪৮০ জন, নরসিংদী সদর, নরসিংদী ও মাধবদী পৌরসভার ০২টি এবং ১৪টি ইউনিয়নের ১৪টি ক্লাবসহ মোট ১৬টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।

সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে এবং বাল্য বিবাহ নিয়ন্ত্রনে অধিক কার্যক্রম গ্রহণ করতে হবে

উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার

১৯. পাট বিভাগ :

উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যে, উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ এবং সম্প্রসারন প্রকল্পের আওতায় নরসিংদী সদর উপজেলার ১৫০ জন পাট উৎপাদনকারী চাষীকে প্রশিক্ষণ প্রদা করা হয়েছে এবং ২২০০ জন পাট উৎপাদনকারীচাষীকে বিনাবীজ ও রাসায়নিক সার বিতরন করা হয়েছে। বর্তমানে পাট উৎপাদন ভাল হয়েছে, ফলন ভাল হওয়ার সম্ভবনা রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।

কার্যক্রম সঠিকভাবে তদারকি করতে হবে।

উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা

২০ বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে মোট আয় ধরা হয়েছে ২১,৮২,৭৬,৬৮০/- টাকা এবং ব্যয় ধরা হয়েছে ১৯,২৬.৪৯,১৭০/-টাকা । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়।

(ক) সকলের সর্বসম্মতিক্রমে ২০২২-২০২৩ অর্থ বছরের

সহকারী কমিশনার (ভূমি),

| | | |
|---|---|---|
| (খ) জুন/২০২২ মাসে উপজেলা পরিষদ অফিসের কনফারেন্স হলের দরজা জরুরী মেরামত বাবদ ২৫.০০০/-(পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে।<br>(গ) জনাব আফতাব উদ্দিন ভূঞা, উপজেলা চেয়ারম্যান, নরসিংদী সদর মার্চ/২২ হতে জুন/২২ পর্যন্ত ৩০,০০০/- টাকার ভ্রমন বিল দাখিল করেছেন।<br>(ঘ) জনাব কফিলউদ্দিন ভূইয়া , উপজেলা ভাইস চেয়ারম্যান, নরসিংদী সদর মার্চ/২২ হতে জুন/২২ পর্যন্ত ২৫,৭৪০/- টাকার ভ্রমণ বিল দাখিল করেছেন।<br>(ঙ) জনাব সাহিদা বেগম. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, নরসিংদী সদর মার্চ/২২ হতে জুন/২২ পর্যন্ত ২৫.২০০/- টাকার ভ্রমণ বিল দাখিল করেছেন।<br>(চ) নরসিংদী সদর উপজেলা পরিষদে জুন/২০২২ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের দরজা,জানালা রংকরন ও মেরামত বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে।<br>(ছ) উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরে হলরুমের মিটার নং ৮৭৩/১২৩৫ এর জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত ৪৬.৭২৫/- টাকার বিল পরিশোধের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিল দাখিল করেছেন।<br>(জ) উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরে পাম্প হাউজের মিটার নং ৮৭৩/১১৯০ এর জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত ১.৪১.২৩২/- টাকার বিল পরিশোধের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিল দাখিল করেছেন।<br>(ঝ) উপজেলা পরিষদের বিলাসদী মৌজার ৪৩১নং খতিয়ানের ৯.০০ একর ভূমির ১৪২৭-১৩২৪ বাংলা সনের ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,চিনিশপুর ইউ:ভূমি অফিস,নরসিংদী সদর ৪৪,৫৯৬/- টাকার বিল দাখিল করেছেন।<br>(ঞ) ২০২১-২০২২ অর্থ বছরে নরসিংদী সদর উপজেলা পরিষদের পৌরকর পরিশোধ করার জন্য মেয়র, নরসিংদী পৌরসভা ১.৫৫.৯৩২/- টাকার বিল দাখিল করেছেন।<br>(ট) জনাব কফিলউদ্দিন ভূইয়া ভাইস চেয়ারম্যান এর জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত বিভিন্ন উপ কমিটির আপ্যায়ন বিল বাবদ ৩২,০০০/- টাকার বিল দাখিল করেছেন।<br>(ঠ) জনাব সাহিদা বেগম,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত বিভিন্ন উপ- কমিটির আপ্যায়ন বিল বাবদ ৩২.০০০/- টাকার বিল দাখিল করেছেন<br>(ড) জুন/২০২২ মাসে উপজেলা কোয়াটারের পানির পাম্প ক্রয় ও মেরামত বাবদ ২৫,০০০/-টাকা ব্যয় হয়েছে।<br>(ঢ) জুন/২২ মাসে উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং আনু: বাবদ ৫,০০০/- টাকা ব্যয় হয়েছে<br>(ণ) জুন/২২ মাসে উপজেলা পরিষদের ১৩টি পর্দা লাগানো বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় | বাজেট প্রস্তাব অনুমোদিত ও গৃহীত হয়.<br>(খ) হতে (ণ) পর্যন্ত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নরসিংদী সদর।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৭/2022

আফতাব উদ্দিন ভূঞা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
নরসিংদী সদর, নরসিংদী

স্মারক নং- ০৫.৩০.৬৮৬০.০০০.০৭.০০১.২০- ৬০৪ (৫০)

তারিখ: ২৭/০৬/২০২২ খ্রি.

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:</u>

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৯৯, নরসিংদী-১
২। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ২০০, নরসিংদী-২
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৫। জেলা প্রশাসক, নরসিংদী
৬। উপজেলা...............................কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী
৭। চেয়ারম্যান ..............................ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী
৮। জনাব.......................................................................
৯। অফিস কপি।

27.06.2022
মো: মেহেদী মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
নরসিংদী সদর, নরসিংদী

**পরিশিষ্ট-“ক”**

**২২ জুন, ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নরসিংদী সদর উপজেলার মাসিক সভায় উপস্থিতি তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

**সভা নং-৩৭**

| ক্র.নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | আলহাজ্ব আফতাব উদ্দিন ভূঞা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০২ | মো: মেহেদী মোর্শেদ | উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৩ | আলহাজ্ব কফিল উদ্দিন ভূঞা | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৪ | মোসাঃ সাহিদা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৫ | আমিনুল ইসলাম | সহকারী কমিশনার (ভূমি) , নরসিংদী সদর, নরসিংদী |
| ০৬ | মহুয়া শারমীন মুনমুন | উপজেলা কৃষি কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৭ | মোহাম্মদ শাহ আলম মিয়া | উপজেলা প্রকৌশলী , নরসিংদী সদর, নরসিংদী |
| ০৮ | মোঃ আসাদুজ্জামান আসাদ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৯ | ডাঃ মোঃ আবু কাউছার সুমন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১০ | মুহাম্মদ আশরাফুল ইসলাম খান | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১১ | মোঃ শাহজালাল | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১২ | একেএম মুনিম আহমেদ সজিব | উপজেলা পরিবার পরিঃ কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৩ | মো: আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৪ | মো: রফিকুল ইসলাম | উপজেলা শিক্ষা অফিসার, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৫ | মোঃ জাকির মাহ্মুদ | উপজেলা নির্বাচন অফিসার, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৬ | মোঃ আজিজুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৭ | মোহাম্মদ শহীদুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৮ | আব্দুর রহিম সিদ্দিকী | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৯ | শাহাদাতুল হক | উপজেলা সমবায় কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ২০ | মোঃ আবদুল মোতালেব | প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস, নরসিংদী সদর, নরসিংদী |
| ২১ | মোহাম্মদ আলমগীর হোসেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী সদর, নরসিংদী |
| ২২ | নূরুন নাহার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ২৩ | মোঃ বেলায়েত হোসেন | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী |
| ২৪ | মোঃ মেরাজুল ইসলাম | উপজেলা ডেভেলাপমেন্ট (ইউডিএফ) , নরসিংদী সদর, নরসিংদী |
| ২৫ | মোঃ বশির আহম্মেদ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| উপস্থিত ইউনিয়ন চেয়ারম্যানগণের নাম | | |
|---|---|---|
| ক্র.নং | নাম | পদবী |
| ০১ | মেহেদী হাসান তুহিন | চেয়ারম্যান, চিনিশপুর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০২ | মোঃ ইউসুফ খান (পিন্টু) | চেয়ারম্যান, হাজীপুর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৩ | মোঃ গিয়াস উদ্দিন আহমেদ | চেয়ারম্যান, শীলমান্দি ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৪ | মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, পাঁচদোনা ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৫ | আজহার অমিত | চেয়ারম্যান, মেহেরপাড়া ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৬ | মোঃ আব্দুল্লাহ ইবনে রহিজ | চেয়ারম্যান, আমদিয়া ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৭ | হাজী মোঃ আবুল হাসেম | চেয়ারম্যান, পাইকারচর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৮ | মোহাম্মদ সাইফুল হক | চেয়ারম্যান, নজরপুর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ০৯ | মোঃ ফয়সাল হোসেন | চেয়ারম্যান, নুরালাপুর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ১০ | মমিনুর রহমান (আপেল) | চেয়ারম্যান, করিমপুর ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ১১ | দেলোয়ার হোসেন | চেয়ারম্যান, আলোকবালী ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর,নরসিংদী |
| ১২ | মোঃ দেলওয়ার হোসাইন | চেয়ারম্যান, চরদিঘলদী ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৩ | ডাঃ এনামুল হক (শাহিন) | চেয়ারম্যান, মহিষাশূড়া ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |
| ১৪ | বীর মুক্তিযোদ্ধা মোঃ এবাদুল্লাহ | চেয়ারম্যান, কাঠালিয়া ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী |